



মূল কাগজ ২০ পৃষ্ঠা
সঙ্গে হোটেল ও রিসোর্ট
নিয়ে ৮ পৃষ্ঠার
বিশেষ ট্যাবলয়েড

পর্যটন
চট্টগ্রাম কক্সবাজার

নাঙ্গিমের জন্য
আক্ষেপ মাহমুদের

পৃষ্ঠা। ১০

আবদুল গাফফার চৌধুরীর কলাম
বিএনপির নৌকা থেকে কারা
নদীতে বাঁপ দিচ্ছেন?

পৃষ্ঠা। ১৪

বলিভিয়ায়
মোরালোস অধ্যায়ের
সমাপ্তি

পৃষ্ঠা। ১৭

ঢাকা। ২৭ কার্তিক ১৪২৬। ১৪ রবিউল আউয়াল ১৪৪১। বর্ষ ১০। সংখ্যা ২৯৬। নগর সংস্করণ। দাম ১০ টাকা

f /kalerkantho

t /kalerkanthoNews

www.kalerkantho.com

হারপার কলিন্স থেকে প্রকাশিত 'বাবু বাংলাদেশ' বইয়ের মোড়ক উন্মোচন

নিজস্ব প্রতিবেদক >

বাংলাদেশের এক লেখকের বই সম্মানজনক আন্তর্জাতিক পুরস্কার 'শক্তি ভাট ফাস্ট বুক প্রাইজ ২০১৯'-এর মনোনয়ন পেয়েছে। অথচ তা দেখার জন্য লেখক বেঁচে নেই। অকালপ্রয়াত এই লেখকের বই যখন সবার প্রশংসা কুড়াচ্ছে তখন তাঁর ঘনিষ্ঠরা পুড়ছেন শোকে। একজন সম্ভাবনাময় লেখকের অকালপ্রয়াণের দুঃখ ভুলতে পারছেন না তাঁরা। 'বাবু বাংলাদেশ' বইটি প্রকাশ করেছে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন প্রকাশনা প্রতিষ্ঠান হারপার কলিন্স। বাংলাদেশি লেখক, সাহিত্যের ছাত্র ও গবেষক ড. নুমাইর আতিফ চৌধুরীর লেখা প্রথম উপন্যাস 'বাবু বাংলাদেশ' প্রকাশের পর থেকে বিভিন্ন মহলে গ্রহণযোগ্যতা পেতে শুরু করে। তবে দুঃখজনক, বইটি প্রকাশের আগেই ২০১৮ সালের সেপ্টেম্বরে জাপানের কিয়োটো নদীতে ডুবে অকালে প্রাণ হারান সম্ভাবনাময় এই লেখক। ইংরেজি

ভাষায় রচিত বইটি লেখকের দীর্ঘ ১৫ বছর ধরে সাধনার ফসল। কিন্তু বইটির ফাইনাল ড্রাফট শেষ করতে না করতেই দুর্ঘটনার শিকার হয়ে মৃত্যুবরণ করেন এ লেখক। বিশাল ক্যানভাসে লেখা বইটি বিশ্বদরবারে বাংলাদেশে নাম উজ্জ্বল করে চলেছে প্রকাশের পর থেকেই। গতকাল সোমবার প্রয়াত নুমাইর আতিফ চৌধুরী রচিত উপন্যাস 'বাবু বাংলাদেশ'-এর মোড়ক উন্মোচন এবং বইটি নিয়ে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ে বাণিজ্য অনুষদের প্রফেসর ড. মোহাম্মদ হাবিবুল্লাহ কনফারেন্স হলে এ অনুষ্ঠানের আয়োজন হয়।

